# বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্রীকে ডেকে নিয়ে সংঘবদ্ধ ধর্ষণ, চার শিক্ষার্থী গ্রেপ্তার




সংগৃহীত ছবি

ঢাকার সাভারের আশুলিয়ায় পিকনিকের প্রলোভন দেখিয়ে একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্রীকে ডেকে নিয়ে সংঘবদ্ধ ধর্ষণ, ভিডিও ধারণ ও ব্ল্যাকমেইলের অভিযোগে গণ বিশ্ববিদ্যালয়ের চার শিক্ষার্থীকে গ্রেপ্তার করেছে আশুলিয়া থানা পুলিশ।

আজ বুধবার (৩ ডিসেম্বর) বিকেলে বিষয়টি নিশ্চিত করেন থানার পরিদর্শক (অপারেশনস) আসফিকুল ইসলাম।

এর আগের রাতে ভুক্তভোগী নিজে বাদী হয়ে চারজনের বিরুদ্ধে মামলা দায়ের করেন।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন,'দেলোয়ার ভূঁইয়া (২৬), তাজুল ইসলাম তাজ (২৩), শ্রাবণ সাহা (২৩) ও অন্তু দেওয়ান (২৮)। তারা গণ বিশ্ববিদ্যালয়ের আইন বিগভাগের বিভিন্ন ব্যাচের শিক্ষার্থী।

ভুক্তভোগী তরুণী ধামরাই পৌরসভায় পরিবারের সঙ্গে থাকেন এবং আশুলিয়ার একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা করেন।

মামলার তথ্য অনুযায়ী, গত ৭ এপ্রিল সকাল ১১টার দিকে তিন অভিযুক্ত পিকনিকের কথা বলে তাকে ফুলেরটেক এলাকার একটি বাসায় নিয়ে যায়। সেখানে কোমল পানীয়ের সঙ্গে অচেতন করার ওষুধ মেশানো হয়। জ্ঞান ফিরলে তিনি বুঝতে পারেন—তাকে ধর্ষণ করা হয়েছে এবং ভিডিও ধারণ করে রাখা হয়েছে। প্রতিবাদ করলে অভিযুক্তরা ভিডিও ছড়িয়ে দেওয়া ও এসিড নিক্ষেপের হুমকি দেয়। পাশাপাশি বিভিন্ন সময় ভয় দেখিয়ে প্রায় ৯৬ হাজার টাকা হাতিয়ে নেয়।

গত ৬ নভেম্বর আবার তাকে বাইশ মাইল এলাকায় ডেকে নিয়ে শারীরিক সম্পর্কের জন্য চাপ দেওয়া হয়। রাজি না হলে তাকে মারধর ও জোরপূর্বক নেশাজাতীয় দ্রব্য পান করানো হয়। সেখান থেকে কোনোভাবে বেরিয়ে বিশ্ববিদ্যালয়ে ফিরলে তিনি অচেতন হয়ে পড়েন। পরে তাকে গণস্বাস্থ্য সমাজভিত্তিক মেডিকেল কলেজ হাসপাতাল হয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। তার পরিবারের একজন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে অভিযোগও দেন।

চিকিৎসা শেষে ফের ক্যাম্পাসে আসলে ২৬ নভেম্বর অভিযুক্ত চারজন তাকে একটি কক্ষে আটকে অভিযোগ তুলে নিতে চাপ দেয় এবং হুমকি-ধমকি দেয়।

আশুলিয়া থানার এসআই শফিকুল ইসলাম জানান, মামলা দায়েরের পর ১৭ ঘণ্টার অভিযানে চারজনকেই গ্রেপ্তার করা হয়েছে।

থানার ওসি আব্দুল হান্নান বলেন, বিষয়টি পুরোনো (৪ এপ্রিলের) ঘটনা হলেও যথাযথ তদন্তের ভিত্তিতে আসামিদের আদালতে পাঠানো হবে।